# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২০ জুন, ২০১৩ |
| সময় | ঃ | বেলা ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ২৯ মে, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৯ মে, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ মে, ২০১৩ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ এপ্রিল, ২০১৩ মাসে গৃহকর বাবদ ২৬,৩৬,৩৪৭.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১০,৭১,৬৯৯.০০ আদায় হয়েছে। মে, ২০১৩ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায়ের হার ১০৫.৭৬%।

আলোচ্যসূচী-৩ঃ মে, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০১৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ২০১২-২০১৩ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৩-২০১৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১২-২০১৩ আর্থিক সালের ৫২,২৫,৬৯,০০০/- (বায়ান্ন কোটি পঁচিশ লক্ষ উনসত্তর হাজার) টাকার এবং ডিওএইচএসসমূহ, রজনীগন্ধা টাওয়ার ও মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স প্রকল্প বাবদ ৪৫,৯৯,৬৭,০০০/- (পঁয়তাল্লিশ কোটি নিরানব্বই লক্ষ সাতষট্টি হাজার) টাকার সংশোধিত বাজেট এবং ২০১৩-২০১৪ আর্থিক সালের সর্বমোট ৬২,৪১,১৩,০০০/- (বাষট্টি কোটি একচল্লিশ লক্ষ তের হাজার) টাকার এবং ডিওএইচএসসমূহের প্রকল্প বাবদ ৮,৬২,০০,০০০/- (আট কোটি বাষট্টি লক্ষ) টাকার প্রস্তবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৫ঃ মে, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ স্টেশন হেলথ অর্গাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত মে, ২০১৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বেশ কয়েকটি খাবার হোটেল/রেস্টুরেন্টের পরিবেশ নোংরা এবং বাজারের টয়লেটগুলো অপরিষ্কার। ঢাকা সেনানিবাসের বিভিন্ন ওআরএস কোয়ার্টার সংলগ্ন সেপটিক ট্যাংক এর ঢাকনা ভাঙ্গা। বিস্তারিত পর্যালোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ক্যাফে রসনা বন্ধকরণসহ দাখিলকৃত স্বাস্থ্য প্রতিবেদন মোতাবেক স্ব স্ব দায়িত্ব সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও কচুক্ষেত পুরান বাজার এলাকায় ডাস্টবিন স্থাপনের স্থান নির্ধারণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলোঃ-

| | | |
|---|---|---|
| (১) ১ × অফিসার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) সহঃ নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) কঞ্জারভেন্সী অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৩(তিন) জন ৪র্থ শ্রেণীর কর্মচারীকে শ্রমসাধ্য ও বিশেষ ধরনের কাজ করায় প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা এর ০৫ মে, ২০১৩ তারিখের ১বি-৭/২০১১/ডি-১১/৬৪৫ নং পত্রের মাধ্যমে এক কালীন ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা করে সম্মানী প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারী (১) জনাব মোঃ নূরুজ্জামান, (২) জনাব মোঃ হারুনুর রশিদ ও (৩) জনাব মোঃ ওমর আলী-কে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে বিশেষ ধরনের কাজে নিযুক্ত বিধায় প্রতিরক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স, শেরে বাংলা নগর, ঢাকা এর ০৫ মে, ২০১৩ তারিখের ১বি-৭/২০১১/ডি-১১/৬৪৫ নং পত্রের নির্দেশনা মোতাবেক প্রত্যেককে সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে এক কালীন ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা করে সম্মানী ভাতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৬/এফ ফ্ল্যাট# এ-১ রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ ফারুক খান (নিযুক্তীয় আম-মোক্তার) সামিট সেন্টার ১৮, কাওরান বাজার বা/এ তেজগাঁও, ঢাকা। | জনাব মোঃ শাহজাহান চৌধুরী, পিতা- মরহুম রাজা চৌধুরী বাড়ী#১৬/এফ ফ্ল্যাট# এ-১ রোড#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ২৩/৪/২০১৩ | ০৭/৪/২০০৮ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫/ক নং পত্র। | ০৯/৭/২০০৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-১৬- এফ/ফ্ল্যাট নং- এ-১/১৫ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৩৬০ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (২) | বাড়ী#১৬/এইচ ফ্ল্যাট# সি-২ রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মুহাম্মদ ফারুক খান (নিযুক্তীয় আম-মোক্তার) সামিট সেন্টার ১৮, কাওরান বাজার বা/এ তেজগাঁও, ঢাকা। | মিসেস আয়শা আক্তার লিলি, স্বামী- মোঃ আব্দুল মতিন বাড়ী#১৬/এইচ ফ্ল্যাট# সি-২ রোড#২/এ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১২/৬/২০১৩ | ১৪/৯/২০১০ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫/খ নং পত্র। | ০৮/১২/২০১০ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-১৬- এইচ/ফ্ল্যাট নং- সি-২/১৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৫৫০ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১৫,০০০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৩) | বাড়ী#২৮ ফ্ল্যাট# ১-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম (নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী#১৯০, রোড#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | মিসেস মাসুদা বেগম স্বামী- মোঃ জালাল উদ্দিন বাড়ী#২৮ ফ্ল্যাট# ১-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৪/৬/২০১৩ | ০৯/১০/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ০৮.১০.১২ | ১৮/২/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং- ২৮/ফ্ল্যাট নং-১- এ/১৯ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৫৪ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৪) | বাড়ী#২৮ ফ্ল্যাট# ১-বি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম (নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী#১৯০, রোড#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ শফিকুল ইসলাম, পিতা- মোঃ আব্দুস সালাম বাড়ী#২৮ ফ্ল্যাট# ১-বি, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৬/৬/২০১৩ | ২৮/৫/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ২২.০৫.১২ | ১০/৭/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং- ২৮/ফ্ল্যাট নং-১- বি/১৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৫৪ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৫) | বাড়ী#২৮ ফ্ল্যাট# ২-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম (নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী#১৯০, রোড#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | মিসেস নাসিমা আক্তার স্বামী- মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম বাড়ী#২৮ ফ্ল্যাট# ২-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫/৬/২০১৩ | ০৪/৯/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ০৪.০৯.১২ | ১১/১০/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং- ২৮/ফ্ল্যাট নং-২- এ/২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৫৪ বঃ ফুঃ (কমন স্পেসসহ) নিচতলায় ৩টি কার পার্কিং ও ২টি রুম (১০´×১২´) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৬) | বাড়ী#২৮ ফ্ল্যাট# ৫-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম (নিযুক্তীয় আম-মোক্তার), বাড়ী#১৯০, রোড#২, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস। | জনাব শেখ নাজমুল হক পিতা- মরহুম শেখ ময়নাল হক বাড়ী#২৮ ফ্ল্যাট# ২-এ, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৫/৬/২০১৩ | ৩০/৪/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ৩০.০৪.১২ | ২২/৫/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং- ২৮/ফ্ল্যাট নং-৫- এ/১৭ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-২০৫৪ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৭) | বাড়ী#৩০/এফ ফ্ল্যাট# ২/৩ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব ময়নুল আবেদিন (নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#৩০/এফ ফ্ল্যাট# ২/৩ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস সৈয়দা ইকবাল আরা তাহের, স্বামী- মেজর (অবঃ) তাহের উদ্দিন আখঞ্জি বাড়ী#৩০/এফ ফ্ল্যাট# ২/৩ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০২/৬/২০১৩ | ২০/১/২০০২ তারিখের ১৩০০/৩০/১০/ নিরাপত্তা নং পত্র | ১৯/৬/২০০৪ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং-৩০- এফ/ফ্ল্যাট নং- ২/৩/৮ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৮৭৫ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণের জন্য ৬,৬৬,৩০০/- টাকা ক্ষতিপূরণ জমা করা হয়েছে। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |
| (৮) | বাড়ী#৭২ ফ্ল্যাট#বি-১, রোড#৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | প্রকৌশলী মোঃ আতিকুর রহমান (নিযুক্তীয় আম-মোক্তার) দি সিভিল ইঞ্জিনিয়ার্স ভবন ৬৯, মহাখালী বা/এ, ঢাকা-১২১২। | লেঃ কর্ণেল (অবঃ) ডাঃ মোঃ মনিরুল ইসলাম বাড়ী#২৬, রোড#২, সেক্টর#২, উপশহর হাউজিং এস্টেট, ডাকঘর- রাজশাহী সেনানিবাস, উপজেলা- বোয়ালিয়া, জেলা- রাজশাহী। তাং- ০৯/৬/২০১৩ | ০৩/১০/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.২০ ০.০২.১২১.ফ্ল্যাট -১১০১৩২ | ২২/১/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃ এঃ/প্লট নং- ৭২/ফ্ল্যাট নং-বি- ১/৩৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন-১৪৫২ বঃ ফুঃ (কার পার্কিং/কমন স্পেসসহ) বাৎসরিক গৃহকর ১৫,০০০/- টাকা এবং তা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে প্রস্তাবিত ফ্ল্যাটগুলো নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/ই নং প্লট ও প্লটে নির্মাণাধীন বাড়ীর আম-মোক্তারনামা ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩০/ই নং প্লটের ইজারাসূত্রে মালিক জনাব ফাতেহ আলী। তিনি উক্ত প্লটটি তদীয় স্ত্রী মিসেস রোখাইয়া, স্বামী- জনাব ফাতেহ আলী-কে দান করেন। সে মোতাবেক উক্ত প্লটে ভবন নির্মাণের জন্য স্প্রীং ফিল্ড ডেভলোপমেন্টস লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর জনাব শাহ মমরেজ চৌধুরী, পিতা- মৃত রহমত উল্লাহ চৌধুরীকে মিসেস রোখাইয়া ৫৫৫৭ নং রেজিস্ট্রিকৃত দলিলমূলে গত ২৪/৫/২০১০ তারিখে আম-মোক্তার নিয়োগ করেন। এতদ্বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ করা হয়েছে এবং আম-মোক্তার প্রদান কারিনী মিসেস রোখাইয়া গত ১০/৬/২০১৩ তারিখে অত্র দপ্তরে স্বশরীরে উপস্থিত হয়ে সহি স্বাক্ষর প্রদান করেছেন। প্রদত্ত আম-মোক্তার নামার ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ কচুক্ষেত এলাকার সিবি-২১১/৪ নং বাড়ীতে বেসিক ব্যাংক স্থাপনের বিষয়ে জনাব মোঃ রুহুল আলম, জেনারেল ম্যানেজার, বেসিক ব্যাংক লিঃ এর ১৯/৫/২০১৩ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে কচুক্ষেত এলাকার সিবি-২১১/৪ নং বাড়ীতে বেসিক ব্যাংক এর শাখা স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সেক্ষেত্রে উক্ত বাড়ীর গৃহকর বাণিজ্যিক হারে নির্ধারণ করতে হবে।

আলোচ্যসূচী-১০ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ শহীদুল ইসলাম, বীর প্রতিক এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এর বি/১২৫ নং বাড়ীর ২০১২-২০১৩ আর্থিক সালের পরিশোধিত গৃহকর ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা ব্রিগেঃ জেনাঃ (অবঃ) মোঃ শহীদুল ইসলাম, বীর প্রতীক এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এর বি/১২৫ নং বাড়ীর গৃহকর গত ২৫ এপ্রিল, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে মওকুফের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্তের পূর্বেই তিনি ২০১২-২০১৩ আর্থিক সালের গৃহকর পরিশোধ করেছেন বিধায় উক্ত গৃহকর ফেরত প্রদানের অবকাশ নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি আবেদনকারীকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-১১ঃ খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা কর্ণেল (অবঃ) বজলুল গণি পাটোয়ারী, পিএসসি, বীর প্রতিক এর মালিকানাধীন মহাখালী ডিওএইচএস এলাকায় ১৪৫ নং বাড়ীর গৃহকর মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে খেতাব প্রাপ্ত মুক্তিযোদ্ধা হিসেবে সরকারী সিদ্ধান্ত মোতাবেক শুধুমাত্র আবেদনকারীর মালিকানাধীন বাড়ী/ফ্ল্যাটের গৃহকর মওকুফ করার সিদ্ধান্ত গৃহীত হলো। জুলাই, ২০১৩ হতে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

আলোচ্যসূচী-১২ঃ রজনী'গন্ধা সুপার মার্কেটের পাকা-৬২ নং দোকানে এসি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সরকারী স্থাপনা/বাসায় নিজ ব্যয়ে এসি সংযোজনের ক্ষেত্রে এমইএস কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনের আঙ্গিকে একটি আবেদন ফরম তৈরী করে রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান/ডাক্তার চেম্বার ইত্যাদিতে এসি স্থাপনের অনুমতি প্রদানের আবেদনের ফরম্যাট প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে পরবর্তী বোর্ডসভায় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করা হবে।

আলোচ্যসূচী-১৩ঃ আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক মিরপুর ডিওএইচএস এ বসবাসরত কোন সদস্যকে আটক/গ্রেফতার প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০২ জুন, ২০১৩ তারিখের ৬০৫/৩/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। সেনানিবাস একটি সংরক্ষিত এলাকা বিধায় ঢাকা সেনানিবাস ও এর আওতাধীন যে কোন ডিওএইচএস এলাকায় বেসামরিক পুলিশ/নিরাপত্তা বাহিনী কর্তৃক কোন অভিযান পরিচালনা করার পূর্বে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস-কে অবহিত করে কার্যক্রম গ্রহণ করতে হবে। উল্লেখ্য ঢাকা সেনানিবাসে তিন বাহিনীর সদর দপ্তর অবস্থিত বিধায় স্ব স্ব বাহিনী কর্তৃক নিয়ন্ত্রিত এলাকায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় করতে হবে। ডিওএইচএসসমূহে কোন প্রকার অভিযান পরিচালনার পূর্বে সংশ্লিষ্ট পরিষদের সাথে সমন্বয় করা যেতে পারে। তবে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনায় গোপনীয়তার স্বার্থে ডিওএইচএস পরিষদকে অবহিত না করলেও স্টেশন সদর দপ্তরকে অবহিত রেখে কর্ম সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি পুলিশ/র‍্যাব/নিরাপত্তা বাহিনীর সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(৪২

আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা সেনানিবাস এলাকায় চলাচলকারী রিকশা/বাইসাইকেল/ট্রাইসাইকেলে এলইডি হেড/টেইল লাইট সংযোজন সংক্রান্ত কাশেম ড্রাইসেল লিঃ এর ৩০ মে, ২০১৩ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কাসেম ড্রাইসেল লিঃ এর আবেদনের বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণের জন্য প্রস্তাবটি স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কার পার্কিং এর টাকা জমা করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩/১/২০১০ তারিখের ৬১৯/৪/১ নং পত্রের আলোকে রজনীগন্ধা সুপার মার্কেটের কার পার্কিং এলাকায় গাড়ী পার্কিং করার জন্য টোল ফি আদায় করা হচ্ছে। উক্ত কার পার্কিং স্থান হতে বর্তমানে জনাব মোঃ রতন শিকদার, পিতা-মৃত আঃ রহমান শিকদার , সিবি-২২৬, কচুক্ষেত, ঢাকা সেনানিবাসের মাধ্যমে টোল ফি আদায় করা হচ্ছে। আদায়কৃত অর্থ হতে জনাব মোঃ রতন শিকদার প্রতিদিন রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি ফান্ডে নির্ধারিত ১,০৫০/- (এক হাজার পঞ্চাশ) টাকা জমা করে থাকেন। প্রকৃত পক্ষে উক্ত অর্থ বোর্ড তহবিলে জমা হওয়ার কথা। বিস্তারিত আলোচনান্তে জুলাই, ২০১৩ হতে উক্ত অর্থ বোর্ড ফান্ডে জমা করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর জেনাঃ শেখ মামুন খালেদ, পিএসসি | ১০৭৯ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (২) | উইং কমান্ডার কাজী আব্দুল মতিন | ১১৪৩ | মিরপুর ডিওএইচএস | - | নতুন ০৭(সাত) তলা ভবন |
| (৩) | লেঃ কর্ণেল সরদার মাহমুদ হোসেন | ১১৫১ | মিরপুর ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (৪) | জনাব মোঃ আলাউদ্দিন | ১২৯২ | মিরপুর ডিওএইচএস | - | নতুন ০৭(সাত) তলা ভবন |
| (৫) | লেঃ কর্ণেল ছাবেরুল ইসলাম চৌধুরী (অবঃ) | সিবি-২০৮ | সিএস-১০৮ (অংশ), মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | - | নতুন ০৭(সাত) তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ৫ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস ও কচুক্ষেত পুরান বাজার এলাকার ৫টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন/সংশোধিত ০৭(সাত) তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ডিএমএলএন্ডসি, ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও ক্যান্টঃ হাউজের জন্য ৩টি আন্ডারগ্রাউন্ড রিজার্ভার নির্মাণ। | ১৩,৯১,৪৯৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পূর্ব পার্শ্বে ইলেক্ট্রিশিয়ানদের বসার জন্য একটি রুম নির্মাণ। | ৬,০৫,৯৬৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-২, ফ্ল্যাট#৫ এর মেরামত ও সংস্কার কাজ। | ৩৯,৫৬৬/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার ৪৮/এ, ভবন-১, ফ্ল্যাট#৬ এর মেরামত ও সংস্কার কাজ। | ৩২,১৮৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৫) | রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় বিদ্যুতের আরএমইউ স্থাপনের জন্য কক্ষ নির্মাণ। | ৪,৫৪,৯৭১/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৬) | প্রকৌশল শাখার জন্য ১০টি চেয়ার ক্রয়। | ৪০,০০০/- টাকা | প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত |
| (৭) | মহাখালী ডিওএইচএস মাজার শরীফের পার্শ্বে টয়লেট নির্মাণের অতিরিক্ত কাজ। | ৩,২৪,৯২৮/- টাকা | মাজার শরীফের সংশ্লিষ্ট তহবিল |
| (৮) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩৭ নং রোডের উত্তর পার্শ্বে গভীরতা বেশী হওয়ায় মাটি রোধের জন্য ভরাট করণ কাজ। | ২,২৮,৩৭৩/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৬ ও ৭ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৩ ও ৪ এ উল্লেখিত কাজের মূল্যানুমান সিএমইএস (আর্মি) এর মাধ্যমে ভেটিং করিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | বারিধারা ডিওএইচএস এলাকায় মেইন রোডের উত্তর পার্শ্বে গার্ডরুমসহ টয়লেট নির্মাণ কাজ। | ২,৯৭,৫০০/-টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৩,১১,৯৮৮/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় ৬৪/ডি নং বাসার মেরামত ও চুনকামকরণ কাজ। | ৭৫,০৬৫/-" | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৭৫,০৬৫/-" | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ৪/এ নং বাসার মেরামত ও সংস্কার করণ কাজ। | ৮৮,২৫৮/-" | মেসার্স সিফাত এন্টারপ্রাইজ | ৮৭,৩৭৫/-" | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি-৩ ও ৬৫/ডি-১৩ নং স্টাফ কোয়ার্টারের মেরামত ও রংকরণ কাজ। | ৯২,৫৮৩/-" | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৯২,৫৮৩/-" | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | ক্যান্টঃ হাউজের জন্য ১টি আইপিএস সরবরাহ। | ৫৪,০০০/-" | মেসার্স আমিন ব্রাদার্স | ৫৯,৪০০/- " | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোর ব্যবস্থাপনা অটোমেশনকরণ। | বাজার দর | এ টি আই লিমিটেড | ২,৫০,০০০/- " | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-২, ৩, ৪ ও ৫ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবরেটরী চালুর জন্য রিলায়েন্স সল্যুশন লিঃ কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ল্যাবের অধিকাংশ যন্ত্রপাতি রিলায়েন্স সল্যুশন কর্তৃক সরবরাহ করা হয়েছে এবং স্থাপন কাজ প্রক্রিয়াধীন আছে। কিন্তু উক্ত ল্যাব চালু করার জন্য অদ্যাবধি প্রয়োজনীয় লোকবল নিয়োগ করা হয়নি। স্থাপিত যন্ত্রপাতিগুলো দ্রুত চালু না করে রেখে দিলে এদের কার্যকারিতা নষ্ট হয়ে যাওয়ার আশংকা রয়েছে। অপরদিকে রিলায়েন্স সল্যুশন লিঃ কর্তৃক সার্বক্ষণিক ০১(এক) জন্য ল্যাবরেটরী টেকনিশিয়ান, ০১(এক) জন বায়োকেমিস্ট ও ০১(এক) জন ল্যাবরেটরী সহকারী এবং খন্ডকালিন ০১(এক) জন সার্ভিস ইঞ্জিনিয়ার দিয়ে আপাততঃ ল্যাব চালু করার প্রস্তাব দেয়া হয়েছে। ল্যাব সম্পূর্ণভাবে চালু করার জন্য আগামী ০১(এক) বছরে আনুমানিক ৬০ লক্ষ টাকার রি-এজেন্ট ও অন্যান্য উপকরণ প্রয়োজন হবে। বিস্তারিত আলোচনান্তে রিল্যায়েন্স সল্যুশন লিঃ কর্তৃক দাখিলকৃত রি-এজেন্ট ও অন্যান্য উপকরনের বাজার দর/সরকার কর্তৃক নির্ধারিত দর যাচাই সাপেক্ষে প্রস্তাব অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৫ এর অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন শপিং কমপ্লেক্স এর দর বৃদ্ধির প্রস্তাব বিবেচনাকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ জমির শ্রেণী পরিবর্তন জটিলতার কারণে মিরপুর ডিওএইচএস এলাকায় নির্মাণাধীন শপিং কমপ্লেক্স এর জন্য ১৭/৪/২০১১ তারিখে প্রদত্ত কার্যাদেশ ০৩/১০/২০১১ তারিখে স্থগিত করা হয়। জমির শ্রেণী পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন হওয়ায় ২৩/১/২০১৩ তারিখে সংশ্লিষ্ট ঠিকাদারকে কাজ শুরু করার জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে সংশ্লিষ্ট ঠিকাদার ০২(দুই) বছরে বাজার দর বৃদ্ধি পাওয়ায় ২৮% দর বৃদ্ধির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। বিস্তারিত আলোচনান্তে ও দর বিশ্লেষণ যাচাই বাছাই করে ২১.৪৩% দর বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২১ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন শিক্ষা প্রতিষ্ঠানের সকল টয়লেটে টাইল্‌স স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মধ্যে যে সকল প্রতিষ্ঠানের টয়লেটে টাইলস্ স্থাপন করা হয়নি সেগুলির টাইলস স্থাপনসহ আধুনিকায়নের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ মহাখালী ডিওএইচএস এলাকার হযরত কালা শাহ (রঃ) এর মাজার সংলগ্ন সৌন্দর্যবর্ধক বৈকালিন পার্ক নির্মাণের সংশোধিত মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ পেভমেন্ট টাইল্‌স, আরসিসি ওয়ার্কস, ব্রিক ওয়ার্কসহ আরো কিছু অতিরিক্ত কাজ করার প্রয়োজনীয়তা থাকায় উক্ত কাজের জন্য ৪৬,৪৪,৯০৬- টাকার মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইট্‌স, ২০১০ মোতাবেক) অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ পানি ও বিদ্যুৎ শাখার জনবল বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, পানি ও বিদ্যুৎ শাখার কাজের পরিধি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। উক্ত কাজের বিপরীতে প্রায় ১৫ বছর আগের জনবল দ্বারা কাজ করা হচ্ছে। উক্ত জনবল দ্বারা বর্তমানে কাজ সঠিকভাবে সম্পাদন করা কষ্টসাধ্য ও ব্যবস্থাপনা কঠিনতর হচ্ছে। সঠিকভাবে কাজ সম্পাদন করার স্বার্থে অতিরিক্ত ০২ জন উপ-সহকারী প্রকৌশলী (পানি ও বিদ্যুৎ), ০৩ জন ইলেকট্রিক সুপারভাইজার, ০১ জন পাম্প অপারেটর, ০১ জন সাব-স্টেশন অপারেটর, ০১ জন মিটার রিডার, ০৫ জন ইলেকট্রিক লাইনম্যান হেলপার ও ০১ জন এমএল এসএস জরুরী ভিত্তিতে প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে ইতোপূর্বে বোর্ডসভায় অনুমোদিত পদের অতিরিক্ত হিসেবে প্রস্তাবিত পদসমূহ সৃষ্টিসহ উক্ত পদে লোক নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর, ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ, শহীদ বেলায়েত রোড এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাসে ০৬(ছয়)টি ডাস্টবিন স্থাপনের জন্য ৪,৯৯,৫৩১/- (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত একত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ সেনাসদর, ৯০১ সেন্ট্রাল ওয়ার্কশপ, শহীদ বেলায়েত রোড এবং ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাসে ০৬(ছয়)টি ডাস্টবিন স্থাপনের জন্য ৪,৯৯,৫৩১/- (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত একত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ ও আগামী শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন ফুলের বীজ ক্রয়ের নিমিত্তে ১৮,৮৫,০০০/- (আঠার লক্ষ পঁচাশি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য নিম্নবর্ণিত ফুলের বীজ ক্রয়ের নিমিত্তে ১৮,৮৫,০০০/- (আঠার লক্ষ পঁচাশি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র/নং | বীজের নাম | পরিমাণ | প্যাকেট (১০০০বীজ) (সংখ্যা) | প্রতি প্যাকেটের মূল্য (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১। | ইনকা | ২,৫০,০০০টি | ২৫০ | ৫,০০০.০০ | ১২,৫০,০০০.০০ |
| ২। | এন্টারহিনাম | ৫,০০০টি | ০৫ | ২৫০০.গগ | ১২,৫০০.০০ |
| ৩। | পিটুনিয়া | ৬০,০০০টি | ৬০ | ২৫০০.০০ | ১,৫০,০০০.০০ |
| ৪। | ডায়াস্থাস | ১০,০০০টি | ১০ | ৫০০০.০০ | ৫০,০০০.০০ |
| ৫। | এস্টার | ৫,০০০টি | ০৫ | ৩০০০.০০ | ১৫০০০.০০ |
| ৬। | ফ্লক্স | ১০,০০০টি | ১০ | ৪০০০.০০ | ৪০,০০০.০০ |
| ৭। | কারনেশন | ১,০০০টি | ০১ | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ৮। | সালভিয়া | ১,০০,০০০টি | ১০০ | ২৫০০.০০ | ২,৫০,০০০.০০ |
| ৯। | চন্দ্রমল্লিকা (কাটিং) | ৫,০০০টি | -- | প্রতিটি ১৫.০০ | ৭৫,০০০.০০ |
| ১০। | ডালিয়া (কাটিং) | ২,৫০০টি | -- | প্রতিটি ১৫.০০ | ৩৭,০০০.০০ |
| | | | | মোট = | ১৮,৮৫,০০০.০০ |

আলোচ্যসূচী-২৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেট আধুনিকায়নের নিমিত্তে প্রথম ধাপের জন্য Indigeneous Architect কর্তৃক প্রদত্ত Brocheure এর আলোকে দোকান ইজারার নিমিত্তে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত বহুতল বিশিষ্ট রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান/স্পেস ইজারার নিমিত্তে প্রয়োজনীয় নীতিমালা প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-২ প্রশস্তকরণসহ কার্পেটিং কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৬/৪/২০১৩ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৮-৩/শা-৮/৫৮ নং পত্রের মাধ্যমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোড এবং শহীদ বদিউজ্জামান রোডের আংশিক মেরামতের জন্য মেসার্স আয়িন এন্ড আম্বরিন ট্রেডার্স এর অনুকূলে ১২,৩৩,৪৬৩/- টাকার ব্যয়ের অনুমোদন পাওয়া যায়। কিন্তু ডেসকো কর্তৃক শহীদ বদিউজ্জামান রোড কর্তন করায় পূর্বের মূল্যানুমান অনুযায় উক্ত কাজ সম্পন্ন করা সম্ভব নয় বিধায় শুধুমাত্র ২ নং রোড মেরামত ও কার্পেটিং করার নিমিত্তে ৪,৫৩,৯৫৬/- টাকার সংশোধিত মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্তে প্রাপ্ত দরপত্র মূল্যায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২৮/৫/২০১৩ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স আজমিন এন্টারপ্রাইজ কর্তৃক ৯,৬৫,৫২৫/- টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। প্রাপ্ত সর্বনিম্ন দরটি প্রাক্কলিম মূল্যানুমানের চেয়ে অত্যধিক বেশী বিধায় দরপত্র বাতিল করতঃ পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডসভায় বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধুর একজন প্রতিনিধি অন্তর্ভুক্তকরণের বিষয়ে বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু, ঢাকা সেনানিবাসের ২৭ মে, ২০১৩ তারিখের পত্রের বিষযে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু, ঢাকা সেনানিবাসের ২৭ মে, ২০১৩ তারিখের ০০.০৩.২৬০০.৫৬৩.৬৮.০০৯.১২.০০০/৫৩ক নং পত্রের মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডসভায় বিমান [illegible] বঙ্গবন্ধুর একজন প্রতিনিধি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, ১৯২৪ সনের ক্যান্টনমেন্টস্ এ্যাক্টের ১৩(এ)(এফ) ধারা মোতাবেক সভাপতি কর্তৃক বিমান বাহিনী বেস বাশার এর কমান্ড্যান্ট-কে বিমান বাহিনীর পক্ষে বোর্ডের সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে বিধায় বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধুর যে কোন এজেন্ডা বিমান বাহিনী বেস বাশার এর কমান্ড্যান্ট এর মাধ্যমে বোর্ডসভায় প্রেরণ/উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি বিমান বাহিনী ঘাঁটি বঙ্গবন্ধু এবং বিমান বাহিনী বেস বাশার কর্তৃপক্ষকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৩০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্টোরের যাবতীয় মালামাল সরবরাহের জন্য বাৎসরিক ভিত্তিতে ঠিকাদার/সরবরাহকারী নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন অফিস স্টেশনারী, বৈদ্যুতিক মালামাল ও কঞ্জারভেন্সী মালামাল দৈনন্দিন চাহিদার ভিত্তিকে ক্রয় ও ব্যবস্থাপনা অনেক সময় জটিলতার সৃষ্টি হয়। তাই সারা বছরের চাহিদার ভিত্তিতে ঠিকাদার/সরবরাহকারী নিয়োগ করে প্রয়োজন মোতাবেক মালামাল সরবরাহ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩১ বিবিধ-১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | ঢাকা সেনানিবাসের সিগন্যাল গেইট হতে বিএএফ এর গার্ড রুম পর্যন্ত রাস্তার স্পীড ব্রেকার সমতলকরণসহ রাস্তা আংশিক মেরামত কাজ। | ৭,৫১,১২৪/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | ১৩ এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের চাহিদার প্রেক্ষিতে ২৫০ বর্গফুট হানিকম্ব রিফ্লেক্টিভ স্টীকার সরবরাহকরণ ও সেনাকুঞ্জের সামনে দুর্ঘটনায় ভেঙ্গে যাওয়া ডিভাইডার পুনঃনির্মাণ ও স্থাপন এবং ৮ নং রোডের নিরাপত্তা গেইট মেরামত ও পুনঃস্থাপন কাজ। | ১,১০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৩) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য একটি গ্যাস কম্প্রেসার ক্রয়। | ৩৫,০০,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ও এমইও অফিসের সংস্কার মেরামত কাজ। | ২৪,৮৭,০৬৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৫) | মিরপুর ডিওএইচএস এর ৮০৭ নং প্লটের উত্তর কর্ণার হতে প্লট নং-৮২০ পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ৪,৯৭,৯৯৫/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল/বোর্ড তহবিল |
| (৬) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২জন উপ-সহকারী প্রকৌশলী ও ৩ জন কার্য-সহকারীর জন্য টেবিল ও চেয়ার সরবরাহ। | ৫৪,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৭) | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবন মেরামত, সংস্কার ও আধুনিকায়ন। | ৮০,০০,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ২ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৩ এ উল্লেখিত কাজের মূল্যানুমান ডিজিএমএস এর মাধ্যমে ভেটিং করিয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩১ বিবিধ-২ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপণের নিমিত্ত বিভিন্ন মালামাল ক্রয়ের জন্য ৩,৮৬,৪০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৩ ও আসন্ন শীত মৌশুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপণের নিমিত্ত বিভিন্ন মালামাল ক্রয়ের জন্য ৩,৮৬,৪০০/- (তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩১ বিবিধ-৩ঃ বৃক্ষরোপণ অভিযান-২০১৩ উপলক্ষে ধামালকোট এলাকায় বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপণের (গর্তকরণ, সার প্রয়োগ ও পরিচর্যার) জন্য ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বৃক্ষরোপণ অভিযান-২০১৩ উপলক্ষে ধামালকোট এলাকায় বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপণের (গর্তকরণ, সার প্রয়োগ ও ৩ বছরের জন্য পরিচর্যার) নিমিত্তে ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্প হিসাবে ক্যান্টনমেন্ট বোর্ডের নিজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-৪ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইএসসমূহের গৃহকর পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের সম্মেলন কক্ষে ০৬/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত সভার ৭নং সিদ্ধান্তে ডিওএইচএসসমূহে নিম্নোক্তভাবে স্বনির্ধারণী পদ্ধতিতে গৃহকর নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

| ক্রমিক নং | এলাকার নাম | আয়তন | টাকা |
|---|---|---|---|
| ১। | বনানী ডিওএইচএস | প্রতি বর্গফুট | ৩.৭২ টাকা |
| ২। | মহাখালী ডিওএইচএস | প্রতি বর্গফুট | ৩.৩৩ টাকা |
| ৩। | বারিধারা ডিওএইচএস | প্রতি বর্গফুট | ২.৯৩ টাকা |
| ৪। | মিরপুর ডিওএইচএস | প্রতি বর্গফুট | ২.১২ টাকা |

এ প্রসংগে উল্লেখ্য যে, ডিওএইচএসসমূহের ২০১২-২০১৩ আর্থিক সালের দাবীকৃত গৃহকরের পরিমান ৪,১৮,৭২,৭৮৫/- টাকা। যার বিপরীতে উক্ত সময়ে ডিওএইচএসসমূহের বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যয়িত অর্থের পরিমাণ নিম্নরূপঃ-

| ক্রমিক নং | এলাকার নাম | মোট ব্যয়িত অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১। | বনানী ডিওএইচএস | ২,১৫,৯৯,০০০/- |
| ২। | মহাখালী ডিওএইচএস | ৬,২০,৩০,৫০০/- |
| ৩। | বারিধারা ডিওএইচএস | ১,৩৮,৩৯,৫০০/- |
| ৪। | মিরপুর ডিওএইচএস | ৫৬,৮৩,০০০/- |
| | মোট ব্যয় = | ১০,৩১,৫২,০০০/- |

সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের সম্মেলন কক্ষে ০৬/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত সভার ৭নং সিদ্ধান্তে প্রতি তিন বছর অন্তর এই কর পুনঃ নির্ধারণ বিবেচনা করা হবে মর্মে উল্লেখ রয়েছে। সেক্ষেত্রে ইতোমধ্যেই ০৩ (তিন) বছর অতিক্রান্ত হয়েছে। ডিওএইচএসসমূহে সুষ্ঠুভাবে নাগরিক সেবা অব্যাহত রাখার নিমিত্তে সকল ডিওএইচএস এর বার্ষিক গৃহকর প্রতি বর্গফুটে ০.১০ (দশ পয়সা) হারে বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-৫ঃ গত ২৯ মে, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২০(৩) এর মাধ্যমে অনুমোদিত বনানী-মহাখালী লিংক রোডের পার্শ্বে জমাকৃত পানি নিষ্কাশনের জন্য ফুটপাতের পার্শ্বে আরসিসি পাইপ স্থাপন এবং কার্পেটিং কাজের ৪০,৯১,৯২২/- টাকার মূল্যানুমানের স্থলে ৪৪,৮৫,৫৪৫/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বাস্তব অবস্থার প্রেক্ষিতে ৪৪,৮৫,৫৪৫/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-৬ঃ গত ২৭/২/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২৪(১৮), (২৫) ও (৩০) এর মাধ্যমে অনুমোদিত মিরপুর ডিওএইচএস এলাকার নিম্নবর্ণিত মূল্যানুমানসমূহ সংশোধনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রঃ নংঃ | কাজের নাম | রাস্তা নং | অনুমোদিত মূল্যানুমান | সংশোধিত মূল্যানুমান |
|---|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৮/এ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা ও পাইপ ড্রেন নির্মাণ কাজ (দৈর্ঘ্য-৪৭০, প্রস্থ-৩৫, ডায়া- ২)। | ২৮/এ | ২৫,৫০,৮১১/- টাকা | ২৮,৯১,৯৪৫/- টাকা |
| (২) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৯/এ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা ও পাইপ ড্রেন নির্মাণ কাজ (দৈর্ঘ্য-৪৭০, প্রস্থ-৩৫, ডায়া- ২)। | ২৯/এ | ২৫,৫০,৮১১/- টাকা | ২৮,৯১,৯৪৫/- টাকা |
| (৩) | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-৫০ এর উচ্চতা বৃদ্ধিসহ ইটের সলিং রাস্তা ও পাইপ ড্রেন নির্মাণ কাজ (দৈর্ঘ্য-৪৭০, প্রস্থ-৩৫, ডায়া- ২)। | ৫০ | ২৫,৫০,৮১১/- টাকা | ৩০,৯৮,৬৬৬/- টাকা |

গৃহীত সিদ্ধান্ত ঃ সম্ভাব্য অতিরিক্ত কাজের মূল্যানুমান আলাদাভাবে প্রস্তুত করে নতুন প্রকল্প হিসেবে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৩১ বিবিধ-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | মেজর (অবঃ) মোঃ আব্দুল বারী | ৯৭২ | মিরপুর ডিওএইচএস | - | নতুন ০৭(সাত) তলা ভবন |
| (২) | জনাব মোকাররম হোসেন খান | ১০ | বনানী ডিওএইচএস | - | নতুন ০১(এক) তলা ভবন |
| (৩) | মিসেস কায়সার চৌধুরী গং | ৫৫/এ | বনানী ডিওএইচএস | - | সংশোধিত ০৭(সাত) তলা ভবন (বেজমেন্টসহ) (পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৪) | জনাব সাখাতওয়াত হোসেন গং | ১০৫ | বনানী ডিওএইচএস | - | সংশোধিত ০৫(পাঁচ) তলা ভবন (৩য় তলার উপর ৪র্থ ও ৫ম তলা নির্মাণ) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view- তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ বর্ণিত প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন, ক্রমিক নং-২ এ বর্ণিত প্লটে ০১(এক) তলা নতুন ভবন এবং ক্রমিক নং-৩ এ বর্ণিত প্লটে পুরাতন দোতলা ভবন ভেঙ্গে বেজমেন্টসহ ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) ক্রমিক নং-৪ এ উল্লেখিত ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী প্রত্যয়ন প্রাপ্তি সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

৩১ বিবিধ-৮ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে যে সকল প্রতিষ্টানের মাল্টিমিডিয়া প্রজেক্টর নেই তাদের জন্য মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-৯ঃ রজনীগন্ধা সুপার মাকেটস্থ ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ০১/০৭/২০১৩ তারিখ হতে ৩০/০৬/২০১৪ তারিখ পর্যন্ত ইজারা প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ০১/০৭/২০১৩ তারিখ হতে ৩০/৬/২০১৪ তারিখ পর্যন্ত ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো এবং দৈনিক প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২১/৫/২০১৩ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি। পরবর্তীতে পুনরায় উক্ত পত্রিকাসমূহে বিজ্ঞপ্তি প্রকাশ করে ১৮/৬/২০১৩ তারিখে দরপত্র আহবান করা হলে উক্ত তারিখে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, প্রোঃ জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৭,৬০,০০০/-(সাত লক্ষ ষাট হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত গ্রুপ টয়লেট ইজারার গত ০২(দুই) বছরের অনুমোদিত দর নিম্নরূপঃ-

| ক্রঃ নং | ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম | আর্থিক সাল | প্রদত্ত দর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আজাদ রহমান | ২০১১-২০১২ | ৫,৯১,৬৬৭/- টাকা (১০ মাস) |
| ২। | মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ | ২০১২-২০১৩ | ৭,৫০,০০০/- টাকা |

বিস্তারিত আলোচনান্তে ২০১৩-২০১৪ আর্থিক সনের জন্য গ্রুপ টয়লেটগুলো ইজারার নিমিত্তে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ৭,৬০,০০০-টাকার দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-১০ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের উত্তর প্রান্ত হতে মুসলিম মডার্ণ একাডেমী পর্যন্ত ডেসকো কর্তৃক কর্তনকৃত রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে তা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-১১ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় রাওয়া গেইট এর নিকটবর্তী সুদৃশ্য গেইট নির্মাণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ রাওয়া ক্লাবের সামনের রাস্তাটি সম্প্রতি চওড়া করা হয়েছে। গেইট তৈরী করলে রাস্তার প্রশস্থতা কমবে এবং যান চলাচলে বিঘ্ন ঘটবে বিবেচনায় বর্তমানে মহাখালী ডিওএইচএস এর রাওয়া ক্লাবের নিকট গেইট তৈরীর প্রয়োজনীয়তা নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

৩১ বিবিধ-১২ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য এটলাস বাংলাদেশ হতে কোম্পানীর নির্ধারিত দরে সিডি-৮০ সিসির ৩টি মোটর সাইকেল ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার জন্য এটলাস বাংলাদেশ হতে কোম্পানীর নির্ধারিত দরে সিডি-৮০ সিসির ৩টি মোটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। এটলাস হতে কোটেশন সংগ্রহ করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১০ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট কর্পোরেট শাখার অভ্যন্তরে মেরামত ও সাজসজ্জাকরণ। | ৬৪,৭৬৩/-টাকা | মেসার্স বলাকা বিল্ডার্স | ৬৪,৭৬৩/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের জন্য কম্পিউটার ও ইউপিএস সরবরাহ। | বাজার দর | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৫,৩১,০০০/- টাকা | অনুদান ও কলেজ তহবিল |
| ৩। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লোকাল এরিয়া নেটওয়ার্কিংকরণ, সার্ভার সরবরাহ ও স্থাপন এবং রোগীদের বারকোড সম্বলিত আইডি কার্ড প্রস্তুত ও বার কোড রিডার মেশিন সরবরাহ ও স্থাপন। | বাজার দর | এন এইচ এস লিমিটেড | ৪,৪৯,৭৩৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ০৭টি আইসিইউ বেড মেরামতকরণ। | বাজার দর | মেসার্স অর্পিতা ট্রেডার্স | ১,৫৯,৯৫০/- টাকা | হাসপাতালের নৈমিত্তিক খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ এ উল্লেখিত প্রকল্পগুলির কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-১৪ঃ বনানী ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৩ উপলক্ষ্যে ৬১,০০০/- (একষট্টি হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ০৫ জুলাই, ২০১৩ তারিখে অনুষ্ঠিতব্য বনানী ডিওএইচএস পরিষদ একজিকিউটিভ কমিটি নির্বাচন-২০১৩ উপলক্ষে নিম্নোক্ত অর্থ ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | খরচের বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| (১) | সম্মানী ও খসড়া ভোটার তালিকা তৈরী | ৩২,০০০.০০ |
| (২) | ব্যালট পেপার ছাপানো | ১৩,০০০.০০ |
| (৩) | স্টেশনারী সামগ্রী | ২,০০০.০০ |
| (৪) | দুপুরের খাবার/নাস্তা (৫০ জন) | ১৪,০০০.০০ |
| | মোট = | ৬১,০০০.০০ |

উল্লেখ্য যে, উক্ত ব্যয় বনানী ডিওএইচএস বিবিধ তহবিল হতে উক্ত নির্বাহ করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩১ বিবিধ-১৫ঃ মুসলিম মডার্ণ একাডেমীর মাঠ থেকে কর্তনকৃত গাছের কাঠ দ্বারা শ্রেণী কক্ষের বেঞ্চ তৈরীর অনুমোদন প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মুসলিম মডার্ণ একাডেমীর মাঠ থেকে কর্তনকৃত গাছের কাঠ দ্বারা শ্রেণী কক্ষের বেঞ্চ তৈরীর অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩১ বিবিধ-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য স্ক্যানারসহ একটি মাল্টি ফাংশনাল কালার প্রিন্টার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য স্ক্যানারসহ একটি মাল্টি ফাংশনাল কালার প্রিন্টার ক্রয়ের নিমিত্তে ১৬,০০০/- (ষোল হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩১ বিবিধ-১৭ঃ গত ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩২ এর মাধ্যমে মিরপুর সেনানিবাস ট্রেন্সিং গ্রাউন্ডোর দুর্গন্ধ নিরসন করার জন্য ব্লিচিং পাউডার, কেটু, ক্যারেট ও একতারা ক্রয়ের ব্যয়ের খাত আর্মি কঞ্জারভেন্সী হতে মশক নিধন খাতে পরিবর্তনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উপরোল্লিখিত কাজটি আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে ২৭ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩২ এর মাধ্যমে অনুমোদন করা হয়েছিল। বিস্তারিত আলোচনান্তে উক্ত কাজের জন্য ৮২,৩০০/- (বিরাশি হাজার তিনশত) টাকা মশক নিধন খাত হতে সংকুলান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮.০৬.২০১৩

**( মোঃ রেজাউল ইসলাম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট- 'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন আশরাফুল হক চৌধুরী, (জি), এএফডব্লিউসি, পিএসসি, বিএন
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মফিদুর রহমান, এএফডব্লিউসি, পিএসসি
অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৩) মেজর নাজ আখতার হোসেন
প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৪) মেজর মোঃ জাকির হোসেন পাটওয়ারী, ওসি, এসএইচও
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক
বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৭) শাহে এলিদ মাইনুল আমিন, নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — অনুপস্থিত